

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা।
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.২০০.২৫.০১৫.১৬-১৯৯

তারিখঃ ২৮ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : ৭৯ তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)-এর বর্ধিত প্রশিক্ষার্থী মনোনয়ন।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ১৮/১২/২০১৬ হতে ৩১/০১/২০১৭ তারিখ পর্যন্ত ৪৫ (পঁয়তাল্লিশ) দিন মেয়াদে ৭৯ তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি) অনুষ্ঠিত হবে। উক্ত সিনিয়র স্টাফ কোর্সে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে বর্ধিত মনোনয়ন প্রদান করা হলো :

নম্বর	নাম	পদবী ও কর্মস্থল
১।	ড. মহিউদ্দীন আহমেদ (৫৭০০)	বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্মসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়।
২।	কাজী এনামুল হাসান (৫৭০৯)	বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্মসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩।	জনাব অসীম কুমার বালা (৭৬০৬)	যুগ্মসচিব, মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়।
৪।	জনাব মোঃ আনোয়ার হোসেন (৭৬২৯)	প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), জেলা পর্যায়ে জেলখানা নির্মাণ প্রকল্প, ঢাকা।
৫।	জনাব আ ব ম আব্দুর রব চৌধুরী, পিএসসি, (বিডি/৮২৯৪), মেট, ২১ নন জিডি	গ্রুপ ক্যাপ্টেন, পরিচালক, আবহাওয়া পরিদপ্তর, বিমান সদর, ঢাকা সেনানিবাস।

০২। মনোনীত কর্মকর্তাগণ উল্লিখিত প্রশিক্ষণ চলাকালে কর্মরত হিসেবে গণ্য হবেন এবং স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে বেতন/ভাতাদি গ্রহণ করবেন।

০৩। প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষার্থীগণকে আবশ্যিকভাবে বিপিএটিসির ডরমেটরিতে অবস্থান করতে হবে।


০৪। কোর্সের কোর্স ফি জনপ্রতি ৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার) টাকা। কোর্সে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি কোর্স শুরু হওয়ার পূর্বে স্ব-স্ব দপ্তর হতে ক্রস চেক/পে-অর্ডার কিংবা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে রেজিস্টার, বিপিএটিসি বরাবর জমা দিতে হবে।

০৫। বিপিএটিসি কর্তৃপক্ষ এই কোর্সের জন্য মনোনীত প্রশিক্ষার্থীগণের থাকা-খাওয়ার ব্যবস্থা করবেন। কোর্স চলাকালীন তাঁরা শুধু ভ্রমণ ভাতা পাবেন, কোন দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০৬। প্রশিক্ষার্থীগণকে আগামী ১৭/১২/২০১৬ তারিখে কোর্স ম্যানেজমেন্ট কর্তৃক নির্ধারিত সময়ে বিপিএটিসিতে আবশ্যিকভাবে যোগদান করতে হবে। উক্ত তারিখে যোগদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রশিক্ষণ সময়ের জন্য নিজ কর্মস্থল হতে ১৮/১২/২০১৬ তারিখ পূর্বাঙ্কে তাৎক্ষণিকভাবে অবমুক্ত বলে গণ্য হবেন।

০৭। কোন কর্মকর্তা উক্ত কোর্সে যোগদানে ব্যর্থ হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। মনোনয়নপ্রাপ্ত কর্মকর্তাগণ কোর্সে অংশগ্রহণ না করলে পদোন্নতির সময় প্রশিক্ষণে ব্যর্থতার বিষয়টি বিধি অনুযায়ী বিবেচনার জন্য উপস্থাপনযোগ্য।

০৮। মনোনীত প্রত্যেক কর্মকর্তাকে আগামী ১৭/১২/২০১৬ তারিখের মধ্যে বিপিএটিসি'র (www.bpatc.org.bd) ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। কোর্সে যোগদানের পর প্রশিক্ষার্থী কর্মকর্তাগণকে ই-লার্নিং প্র্যাটফর্ম (e-learning.bpatc.org.bd) রেজিস্ট্রেশন করতে হবে।


(ফারাহ গুল নিসুম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৫৫২৫।

রেজিস্টার

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা।


২য় পাতায়

নং-০৫.০০.০০০০.২০০.২৫.০১৫.১৬-১৯৯/১(৫০)

তারিখঃ ২৮ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
- ০২। বিভাগীয় কমিশনার/চেয়ারম্যান/মহাপরিচালক/ব্যবস্থাপনা পরিচালক.....
- ০৩। জনাব/বেগম
- ০৪। ক্যাপাসিটি ডেভেলপমেন্ট স্পেশালিস্ট, এটুআই গ্রোথাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ০৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০৯। অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি/শৃঙ্খলা), যুগ্মসচিব (প্রশিক্ষণ/পিএসিসি)-এর ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জনপ্রশাসন মন্ত্রণালয়।


(ফারাহ গুল নিসুম)
সিনিয়র সহকারী সচিব